

তারিখ
পৃষ্ঠা কলাম

১শ'৮টি উপজেলা শিক্ষা অফিসারের পদ শূন্য

সংসদ বার্তা পরিবেশক : ৪ মে
বর্তমানে ১শ'৮টি উপজেলা শিক্ষা অফি-
সারের পদ খালি আছে। জাতীয় সংসদের
অধিবেশনে জাতীয় পার্টির সদস্য গোলাম
মোহাম্মদ কাদেরের এক প্রশ্নের জবাবে
শিক্ষামন্ত্রী ড. ওসমান কালক এ তথ্য
দিয়েছেন।

এ শূন্যপদ পূরণ প্রসঙ্গে মন্ত্রী জানান,
সরকারি নিষেধাজ্ঞার কারণে বর্তমানে এই
শূন্যপদ পূরণ স্থগিত রয়েছে। তবে সরকারি
নিষেধাজ্ঞা প্রত্যাহারের কার্যক্রম প্রক্রিয়াধীন
আছে। সরকারি নিষেধাজ্ঞা প্রত্যাহার হলেই
ওই শূন্যপদগুলো পূরণ করা হবে।

“এবতেদায়ি মাদ্রাসা পেয়েছে, প্রাথমিক বিদ্যালয় পায়নি”

জামাতের সদস্য মওলানা মেলওয়ার
হোসাইন সাইদীর দুটি পৃথক প্রশ্নের
জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান কালক
সংসদকে জানান, বর্তমান জোট সরকার
কমডায় আসার পর এ পর্যন্ত ১৭টি
এবতেদায়ি মাদ্রাসাকে দুই বছর মেয়াদে
প্রাথমিক স্বীকৃতি প্রদান করা হয়েছে। তবে
এ সময়ে দেশের কোন বেসরকারি প্রাথমিক
বিদ্যালয়কে সরকারি অনুমোদন দেয়া
হতনি।

“মাদ্রাসা শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যবই”

জামাতের সদস্য শাহ মো. রুফিক
কুদ্দুসের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী
জানান, মাদ্রাসায় ৫ম শ্রেণী পর্যন্ত
ছাত্রছাত্রীদের বিনামূল্যে পাঠ্যবই
সরবরাহের পরিকল্পনা আছে। আগামী
শিক্ষাবর্ষ থেকে এই পরিকল্পনা বাস্তবায়নের
প্রক্রিয়া শুরু হবে।

“নারী-পুরুষ একই বোধ্যতা”

বিএনপির সদস্য শাহ মুকুল কবীর
পার্থীর এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও
মধ্যশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ড.
কালক মোশাররফ হোসেন গতকাল
সংসদকে জানান, দেশে প্রাথমিক বিদ্যালয়ে
শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পুরুষ ও নারীদের
একই শিক্ষাপ্রযোজ্যতা নির্ধারণ করা যায়
কিনা তা সরকার পরীক্ষা করে দেখছে।
পরীক্ষা-নিরীক্ষা শেষে অনুমোদনের পর
বিষয়টি কার্যকর করা হবে।